

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী  
উপজেলা: পলাশ, জেলা: নরসিংদী।

সভাপতি: মো: কারীউল্লাহ সরকার

উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ।

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পলাশ।

তারিখ: ২৪/০৭/২০২৩ ইং, সময়: বেলা ১১ ঘটিকা।

সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচী:

- ১। উপজেলা কৃষি অফিস, পলাশ এর খরিপ-২/২০২৩ মৌসুমের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি।
- ২। অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনার পরিকল্পনা।
- ৩। সার ও সেচ যন্ত্রের মনিটরিং।
- ৪। বিবিধ।


সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি অফিসার, পলাশ সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় নিম্নলিখিত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। উপজেলা কৃষি অফিস, পলাশ এর খরিপ-২/২০২৩ মৌসুমের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি।	অত্র উপজেলায় চলতি খরিপ-২/ ২০২৩ মৌসুমে ৩৫৮২ হেক্টর আমন আবাদের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৩০০ জন রোপা আমন চাষীর মধ্যে ১ বিঘা জমিতে রোপা আমন আবাদের জন্য বিনামূল্যে সার, বীজ ও সেচ সহায়তার অর্থ বিতরণ সম্পন্ন হয়েছে। প্রত্যেক কৃষক ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিতরণ করা হয়েছে। এছাড়া ১০ জন কৃষকের মধ্যে রোপা আমন হাইব্রিড জাতের বীজ বিতরণ করা হয়েছে। প্রত্যেককে ২ কেজি করে হাইব্রিড বীজ বিতরণ করা হয়েছে। বালাইনাশক ব্যবহার করার পরামর্শ দেয়া হচ্ছে।	আমন মৌসুমে রোগবাহাই প্রতিরোধে সর্বাত্মক কার্যক্রম হাতে নেওয়ার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। এছাড়া উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাঠে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার, পলাশ।
২। অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনার পরিকল্পনা।	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় ১ ইঞ্চি জমি যেন পতিত না থাকে সে বিষয়ে অনাবাদি পতিত জমিতে বিভিন্ন ধরনের শাক সবজী ও ফলমূল আবাদের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	ফল ও সবজী চাষীদের মধ্যে নিরাপদ ফল ও শাকসবজী উৎপাদন ও রক্ষণাবেক্ষণ কলাকৌশলের প্রকল্প	উপজেলা কৃষি অফিসার, পলাশ



		গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসারকে সভায় অনুরোধ করা হয়।	
৩। সার ও সেচ যন্ত্রের মনিটরিং।	উপজেলা কৃষি অফিসার জানান যে, পলাশ উপজেলার সকল প্রকার ইউরিয়া ও নন-ইউরিয়া সার এর পর্যাপ্ত মজুত আছে এবং সার মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে। বিএডিসির সহকারি প্রকৌশলী জানান যে, চলতি মৌসুমে সম্পূরক সেচের মাধ্যমে আবাদ করা হবে। তবে যদি পর্যাপ্ত বৃষ্টি না হয় সেক্ষেত্রে সেচ যন্ত্র চালুর মাধ্যমে রোপা আমন আবাদ সম্পন্ন করার ব্যবস্থা করা হবে। সরবরাহ সম্পূর্ণ স্বাভাবিক। কোথাও কোন সমস্যা হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া হচ্ছে। তিনি গত মৌসুমের বকেয়া সেচের টাকা উত্তোলনের ব্যাপারে কমিটির দৃষ্টি আকর্ষণ করেন।	কৃষকের স্বার্থে সেচ সরবরাহ স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, পলাশ। সহকারি প্রকৌশলী, বিএডিসি।

অতঃপর সভায় আর কোন আলোচনা থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: কারীউল্লাহ সরকার  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
পলাশ, নরসিংদী।

স্মারক নং: ১২.১৮.৬৮.৬৩.০৪১.০০.০৪৮.২৩/ ২৩১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।


১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।

২। উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী।

৩। চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ, পলাশ।

৪। উপজেলা -----অফিসার, পলাশ, নরসিংদী।

তারিখ: ১৯/০৭/২০২৩ খ্রি:



আয়েশা আক্তার  
উপজেলা কৃষি অফিসার  
পলাশ, নরসিংদী।